

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯৭৯

মোহনপুর, ০২ ডিসেম্বর, ২০২৩

মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনা

মোহনপুর ব্লকে উন্নত প্রজাতির মোরগ পালনে সহায়তা

মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনায় চলতি অর্থবছরে মোহনপুর ব্লকে ১৪২টি পরিবারকে উন্নত প্রজাতির মোরগ পালনে সহায়তা দেওয়া হয়েছে। সুবিধাভোগী পরিবারগুলিকে ১০টি করে উন্নত প্রজাতির মোরগ ও মোরগ পালনের সহায়ক সামগ্রী দেওয়া হয়েছে। তাছাড়াও এই যোজনায় ব্লকের ৯৭টি পরিবারকে হাঁস পালনে সহায়তা দেওয়া হয়েছে। সুবিধাভোগী পরিবারগুলিকে ১০টি করে হাঁস দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৬ লক্ষ ২১ হাজার ৪০০ টাকা। মোহনপুর প্রাণীসম্পদ বিকাশ কার্যালয়ের সহকারি অধিকর্তা ডা. বিধানচন্দ্র দাস এই সংবাদ জানান।
